১০.৬ বিউবো প্রতিবছর তার আওতাধীন সামগ্রিক বিতরণ সিস্টেমের এনার্জি অডিট সম্পাদন করতঃ কমিশনে প্রতিবেদন দাখিল করবে এবং প্রতিটি ক্ষেত্রে সুপারিশ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতঃ কমিশনকে অবহিত করবে।

১০.৭ বিউবো বিদ্যুৎ উৎপাদন ও সঞ্চালন ব্যবস্থা এবং বিদ্যুতের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণভাবে ন্যূনতম ব্যয়ভিত্তিক দক্ষ বিদ্যুৎ বিতরণ সিস্টেম গড়ে তুলবে। বিউবো এ লক্ষ্যে পিজিসিবি এবং সংশ্লিষ্ট অন্যান্য বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির সাথে প্রয়োজনীয় সমন্বয় করবে এবং এ বিষয়ে গৃহিত ব্যবস্থা ষান্মাসিক ভিত্তিতে (৩১ মার্চ এবং ৩০ সেপ্টেম্বরের মধ্যে) কমিশনকে অবহিত করবে।

১০.৮ সকল বিতরণ সংস্থা ও কোম্পানীকে সার্বিক দক্ষতা বৃদ্ধি করতে ব্যয় সাশ্রয়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। ওভারহেড ব্যয় হ্রাসের লক্ষ্যে স্থায়ী জনবল না বাড়িয়ে প্রয়োজন মোতাবেক নির্দিষ্ট কিছু কাজ আউটসোর্সিং এর মাধ্যমে সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১০.৯ বিউবো সময়মত বিদ্যুতের একক ক্রেতাকে পাইকারি বিদ্যুৎ বিল পরিশোধ করবে। বিলম্বে বিদ্যুৎ বিল পরিশোধজনিত বিলম্ব-মাশুল বিতরণ ব্যয়ের মাধ্যমে খুচরা বিদ্যুৎ মুল্যহার নির্ধারণে পাস-থ্রু করা হবে না।

১০.১০ বিউবো বিদ্যুৎ সরবরাহ পয়েন্ট নির্ধারণের লক্ষ্যে বিদ্যুতের একক ক্রেতার নিকট গ্রীড নোডাল পয়েন্ট ও সম্ভাব্য লোডের উল্লেখপূর্বক আবেদন করবে। বিদ্যুতের একক ক্রেতা উক্ত আবেদনের পরিপ্রেক্ষিতে গ্রীড অপারেটর এবং সংশ্লিষ্ট বিতরণ সংস্থা/কোম্পানী এর সাথে ত্রি-পাক্ষিক আলোচনার ভিত্তিতে কারিগরি দিক বিবেচনায় সরবরাহ পয়েন্ট নির্ধারণ করবে। বিদ্যুতের একক ক্রেতার অনুমতি ব্যতিরেকে সরবরাহ পয়েন্ট পরিবর্তন করা যাবে না।

১০.১১ বিদ্যুৎ বিলের পিছনে সংশ্লিষ্ট গ্রাহকের জন্য প্রযোজ্য খুচরা বিদ্যুৎ মূল্যহার উল্লেখ থাকতে হবে।

১০.১২ বিউবো গ্রাহকবান্ধব সেবা প্রদান এবং সার্বিকভাবে গ্রাহকসেবার মান উন্নয়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এ লক্ষ্যে বিউবো-

(ক) গ্রাহক অভিযোগ কেন্দ্র/কল সেন্টারগুলোকে আধুনিকায়ন করে গ্রাহকবান্ধব ও উন্নত সেবা প্রদানের যথোপযুক্ত কার্যক্রম গ্রহণ করবে। এছাড়া গ্রাহক অভিযোগ কেন্দ্রে দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারীদের গ্রাহক সন্তুষ্টি অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করবে।

(খ) Schedule Outage এর সময়সীমা রক্ষণাবেক্ষণ কাজের শুরু এবং সমাপ্তি উল্লেখপূর্বক ওয়েবসাইটের মাধ্যমে প্রচার করবে।

(গ) গ্রাহক অভিযোগ কেন্দ্র/কল সেন্টারে রক্ষণাবেক্ষণ ও লোড-শেডিং সংক্রান্ত সকল তথ্য প্রতিনিয়ত হালনাগাদসহ রাখতে হবে, outage এর সঠিক কারণ এবং restoration এর সময়সীমা গ্রাহককে যথাযথভাবে জানাতে হবে।

(ঘ) গ্রাহকের অভিযোগ গুরুত্ব সহকারে দেখতে হবে এবং প্রয়োজন হলে অভিযোগের গুরুত্ব অনুযায়ী উপযুক্ত পদমর্যাদার কর্মকর্তা দ্বারা শুনানির ব্যবস্থা করতে হবে।

১০.১৩ গ্রাহক কর্তৃক সংযোগ গ্রহণকালে জামানত হিসেবে প্রদত্ত সমুদয় অর্থ পৃথক ব্যাংক হিসাবে জমা রাখতে হবে এবং ইতোমধ্যে এখাতে জমাকৃত সমুদয় অর্থ উক্ত পৃথক ব্যাংক হিসাবে জমা/স্থানান্তর করতে হবে। এতদ্বিষয়ে হালনাগাদ অবস্থা ষান্মাসিক ভিত্তিতে (৩১ মার্চ এবং ৩০ সেপ্টেম্বরের মধ্যে) কমিশনে দাখিল করতে হবে।

১০.১৪ অবচয়খাতে সংগৃহিত সমুদয় অর্থ পৃথক ব্যাংক হিসাবে জমা/স্থানান্তর করতে হবে। এতদ্বিষয়ে হালনাগাদ অবস্থা ষান্মাসিক ভিত্তিতে (৩১ মার্চ এবং ৩০ সেপ্টেম্বরের মধ্যে) কমিশনে দাখিল করতে হবে।

১০.১৫ বিউবো এর কর্মকর্তা-কর্মচারী কর্তৃক জমাকৃত এবং কর্মকর্তা-কর্মচারীদের সুযোগ-সুবিধার জন্য দেয় জিপিএফ/পেনশন খাতের সমুদয় অর্থ নিয়মিতভাবে পৃথক ট্রাস্টির নিকট হস্তান্তর করতে হবে।

১০.১৬ বিউবো বিতরণ অংশে তার মালিকানাধীন সকল সম্পদের একটি পূর্ণাঙ্গ ফিক্সড অ্যাসেট (fixed asset) রেজিষ্টার সংরক্ষণ করবে। উক্ত ফিক্সড অ্যাসেট রেজিষ্টারে সম্পদের বিবরণ, অবস্থান, সার্ভিসে অন্তর্ভুক্তির তারিখ, কস্ট, সংযোজন, ব্যবহার্য আয়ুষ্কাল, অবচয়ের হার, অবচয়ের পরিমাণ, রিটায়ারমেন্ট, ইত্যাদি উল্লেখ থাকবে।

(মোঃ মিজানুর রহমান)
সদস্য

(মোঃ আবদুল আজিজ খান)
সদস্য

(মাহমুদউল হক ভূইয়া)
সদস্য

(রহমান মুরশেদ)
সদস্য

(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান

আদেশ # ২০১৭/১০

পরিশিষ্ট-'ক'

# খুচরা বিদ্যুৎ মূল্যহার

## ক. নিম্নচাপ (এলটি) ঃ ২৩০/৪০০ ভোল্ট

**বিদ্যুৎ সরবরাহ** ঃ নিম্নচাপ এসি সিঙ্গেল ফেজ ২৩০ ভোল্ট এবং তিন ফেজ ৪০০ ভোল্ট
**ফ্রিকোয়েন্সি** ঃ ৫০ সাইকেল/সেকেন্ড
**অনুমোদিত লোড** ঃ সিঙ্গেল ফেজ ০-৭.৫ কি.ও. এবং তিন ফেজ ০-৫০ কি.ও.

| গ্রাহক শ্রেণি | | এনার্জি রেট/চার্জ (টাকা/কি.ও.ঘ.) | ডিমান্ড রেট/চার্জ [টাকা/কি.ও. (অনুমোদিত লোড)/মাস] |
|---|---|---|---|
| ১ | এলটি—এঃ আবাসিক | | ২৫.০০ |
| | লাইফ লাইন ঃ ০-৫০ ইউনিট | ৩.৫০[১] | |
| | প্রথম ধাপ ঃ ০-৭৫ ইউনিট | ৪.০০ | |
| | দ্বিতীয় ধাপ ঃ ৭৬-২০০ ইউনিট | ৫.৪৫ | |
| | তৃতীয় ধাপ ঃ ২০১-৩০০ ইউনিট | ৫.৭০ | |
| | চতুর্থ ধাপ ঃ ৩০১-৪০০ ইউনিট | ৬.০২ | |
| | পঞ্চম ধাপ ঃ ৪০১-৬০০ ইউনিট | ৯.৩০ | |
| | ষষ্ঠ ধাপ ঃ ৬০০ ইউনিটের উর্ধ্বে | ১০.৭০ | |
| ২ | এলটি—বিঃ সেচ/কৃষিকাজে ব্যবহৃত পাম্প | ৪.০০ | ১৫.০০ |
| ৩ | এলটি—সি ১ঃ ক্ষুদ্র শিল্প | | ১৫.০০ (২৫ কি.ও. পর্যন্ত অনুমোদিত লোডের গ্রাহকের ক্ষেত্রে প্রযোজ্য) |
| | ফ্ল্যাট | ৮.২০ | |
| | অফ-পীক সময়ে | ৭.৩৮ | ২৫.০০ (২৫ কি.ও. এর উর্ধ্বের অনুমোদিত লোডের গ্রাহকের ক্ষেত্রে প্রযোজ্য) |
| | পীক সময়ে | ৯.৮৪ | |
| ৪ | এলটি—সি ২ঃ নির্মাণ | ১২.০০ | ৮০.০০ |
| ৫ | এলটি—ডি ১ঃ শিক্ষা, ধর্মীয় ও দাতব্য প্রতিষ্ঠান এবং হাসপাতাল | ৫.৭৩ | ২৫.০০ |
| ৬ | এলটি—ডি ২ঃ রাস্তার বাতি, পানির পাম্প ও ব্যাটারি চার্জিং স্টেশন | ৭.৭০ | ৪০.০০ |
| ৭ | এলটি—ইঃ বাণিজ্যিক ও অফিস | | ৩০.০০ |
| | ফ্ল্যাট | ১০.৩০ | |
| | অফ-পীক সময়ে | ৯.২৭ | |
| | পীক সময়ে | ১২.৩৬ | |
| ৮ | এলটি—টিঃ অস্থায়ী | ১৬.০০ | ১০০.০০ |